

**যে কোন পরিস্থিতিতে ডার্সিটি সমূহে লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হবে : শিক্ষামন্ত্রী**

বুয়েট রিপোর্টার : শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, যে কোন পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়সমূহে লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হবে। মন্ত্রী গতকাল (বুধবার) বুয়েটে কৃষী শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে একথা বলেন। তিনি আরও বলেন, বিজ্ঞানের উন্নয়নের এই যুগে দ্রুত পরিবর্তনশীল পৃথিবীতে কারিগরি জ্ঞান অর্জন এবং এর যথাযথ প্রয়োগ করতে হবে। এছাড়া মন্ত্রী মেধাবী শিক্ষার্থীদের দেশ ও জাতি গঠনে উজ্জ্বল ভূমিকা রাখার জন্য আহ্বান জানান।

বুয়েটের ভিসি ডঃ মোঃ আলী মুর্তালায় সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে এই অনুষ্ঠানে পাঁচ অনুষ্ঠানের ভীষণ উৎসাহিত ছিলেন। সমাবর্তন অনুষ্ঠানের পরিবর্তে কর্তৃপক্ষ গত বছর থেকে পৃথক অনুষ্ঠানে স্বর্ণপদক প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে। অনুষ্ঠানে ২০০০-০১ ও ২০০১-০২ শিক্ষা বর্ষে বিশেষ কৃতিত্বের জন্য ১২ জন শিক্ষার্থীকে মোট ১৩টি স্বর্ণপদক প্রদান করা হয়। পদক গ্রহণেরা হচ্ছেন- পুরকৌশল বিভাগের মোঃ রুহুল আমিন (২টি), সার্বিক হাঙ্গান, স্থাপত্য বিভাগের ফারহানা ফেরদৌস, ক্যাম্পারী ডেইজী গোমেজ, কম্পিউটার কৌশল বিভাগের মোঃ ইউসুফ সারোয়ার উদ্দিন, মোঃ সাইফুর রহমান, যন্ত্রকৌশল বিভাগের মোঃ তারেকুল আলম, মোঃ নাসিম হুসান, ডিভিং কৌশল বিভাগের আহমদ এহতেশামুল ইসলাম, আহমিদা ফেরদৌসী, কেমিক্যাল বিভাগের আবু জায়েদ মোঃ বদরুজ্জোজা শোয়েব আহমেদ।